গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mcollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ২৬.০৭.২০২১ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অনলাইনে প্রাথমিক আবেদন ২৮ জুলাই ২০২১ তারিখ থেকে শুরু হবে। ভর্তি কার্যক্রম নিম্নবর্নিত নিয়ম ও সময় অনুযায়ী সম্পন্ন হবে।

**বি.দ্রঃ সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।**

১। ভর্তির আবেদনের জন্য প্রার্থীর যোগ্যতাঃ

(ক) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষাবোর্ড /উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি/ সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি/সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষাবোর্ড /উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি/ সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি/সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি (ভোকেশনাল) ii) এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ঘ) প্রার্থীদের উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয় সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

(ঙ) ২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০ সালের A-level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল আবেদনকারী প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।

(চ) বিদেশি সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল আবেদনকারী প্রার্থীকে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।

(ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে। **উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তা পুন:বহাল করার কোন সুযোগ দেওয়া হবে না।**

(জ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

## ২। ভর্তির জন্য প্রার্থীর করণীয়ঃ

শিক্ষার্থীকে On-line এ অত্যন্ত সর্তকতার সাথে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।

(ক) নির্দিষ্ট ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Honours Tab এ গিয়ে apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোড/ বিশ্ববিদ্যালয় পাশের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি করতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা বিষয়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে-তাই কোনভাবেই অন্যকোন মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। শিক্ষার্থীরা ওয়েবসাইটে বিষয়ভিত্তিক তালিকা ও আসন সংখ্যা জানতে পারবে।

(খ) শিক্ষার্থীকে কলেজ নির্ধারণ করে Eligible বিষয়ের তালিকা থেকে সতর্কতার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। আবেদনের সময় তথ্যছকে Male/Female ভুল প্রদর্শিত হলে Clik to change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে।

(গ) মুক্তিযোদ্ধার সন্তান /আদিবাসি/প্রতিবন্ধী কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

(ঘ) আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে।

ছবির মাপ 120x150 pixels, Image Type:jpg এবং maximum file size: 50kb.

(ঙ) ওয়েবসাইটে পূরণকৃত যে কোন তথ্য, নির্বাচিত কলেজ ও বিষয় পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে চাইলে আবেদনকারীকে Cancel option-এ গিয়ে তা বাতিল করতে হবে এবং পুনরায় সঠিক তথ্য অনুযায়ী একইভাবে আবেদন ফরম পূরণ করতে হবে।

(চ) সঠিক তথ্যসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে উক্ত ফরমটির {A4 (8.5"×11") সাদা কাগজে} প্রিন্ট/পিডিএফ কপি সংরক্ষণ করতে হবে।

(ছ) প্রিন্ট কপির নির্ধারিত স্থানে প্রার্থী তার স্বাক্ষর দিবে এবং ফরমের উপর এবং নীচ উভয় অংশে শিওরক্যাশ (Payment Key Word : mcco) এ টাকা জমাদানের RB নম্বর এবং প্রার্থীর নিজের সচল মোবাইল নম্বর লিখতে হবে।

(জ) কলেজ ওয়েবসাইটে (www.mccollege.edu.bd) Online Honours Admission-2020 অপশনে ক্লিক করে Start Online Admission এ গিয়ে শিওরক্যাশ RB নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে Submit button-এ ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্যছক সঠিকভাবে ভর্তি ফরমের পিন নম্বর, ভর্তি রোল নম্বর, গ্রুপ, মোবাইল নম্বর লিখে ২ এর 'ছ' অংশে প্রস্তুকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমটি স্ক্যান করে আপলোড দিতে হবে।

(ঝ) অনলাইনে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ ২৮.০৭.২০২১ থেকে ১৪.০৮.২০২১ তারিখ পর্যন্ত।

(ঞ) ২৯.০৭.২০২১ থেকে ১৬.০৮.২০২১ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদনকারী নির্ধারিত ফি ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা শিওরক্যাশ মাধ্যমে জমা দিতে পরবে। যে কোন এজেন্ট থেকে বা নিজস্ব শিওরক্যাশ একাউন্ট থেকে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে।

(ট) কলেজ ওয়েবসাইটে অনলাইন আবেদন ফরম আগামী ২৯.০৭.২০২১ তারিখ থেকে ১৬.০৮.২০২১ তারিখ রাত ১২.০০ টার মধ্যে দাখিল করতে হবে।

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন আবেদনের তারিখ: ২৮.০৭.২০২১ থেকে ১৪.০৮.২০২১ তারিখ পর্যন্ত

শিওরক্যাশ এর মাধ্যমে টাকা জমাদানের তারিখ: ২৯.০৭.২০২১ থেকে ১৬.০৮.২০২১ তারিখ পর্যন্ত (রাত-১২.০০ টা পর্যন্ত)

কলেজ ওয়েবসাইটে অনলাইন আবেদন ফরম দাখিলের তারিখ: ২৯.০৭.২০২১ থেকে ১৬.০৮.২০২১ তারিখ পর্যন্ত (রাত-১২.০০ টা পর্যন্ত)

**শিওরক্যাশ Payment Key Word : mcco**

বি.দ্রঃ ১. কলেজ ওয়েবসাইটে ফরমটি সাবমিট করার পর কোনভাবেই আর আবেদন ফরম সংশোধন করা যাবে না।

২. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে তথ্য ও অনসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে ( No Mask No Service) যোগাযোগ করা যেতে পারে।

৩. যদি অনলাইন আবেদনের নিশ্চায়ন সংক্রান্ত এসএমএস জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রার্থীর মোবাইলে না পৌঁছায় তবে ১৭.০৮.২০২১ তারিখ সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টার মধ্যে কলেজের তথ্য ও অনসন্ধান কেন্দ্রের ২য় তলায় শিক্ষাবিদ সম্মেলন কক্ষে সংশ্লিষ্ট ভর্তি কমিটির সাথে স্বাস্থ্যবিধি মেনে ( No Mask No Service) যোগাযোগ করতে হবে।

**(মুরারিচাঁদ কলেজে যে সকল বিষয়ে ভর্তির জন্য আবেদন করা যাবে) ঃ**

| ক্রমিক | অনুষদ | অনার্স বিষয় | বিষয় কোড | আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | বি.এ (সম্মান) | বাংলা | ১০০১ | ১৭০ |
| ০২ | | ইংরেজি | ১১০১ | ১৭০ |
| ০৩ | | ইতিহাস | ১৫০১ | ১০০ |
| ০৪ | | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১৬০১ | ১৩০ |
| ০৫ | | দর্শন | ১৭০১ | ১৭০ |
| ০৬ | বি.এস.এস (সম্মান) | রাষ্ট্রবিজ্ঞান | ১৯০১ | ২২০ |
| ০৭ | | সমাজবিজ্ঞান | ২০০১ | ২১০ |
| ০৮ | | অর্থনীতি | ২২০১ | ২২০ |
| ০৯ | বি.এসসি (সম্মান) | পদার্থবিদ্যা | ২৭০১ | ১০৫ |
| ১০ | | রসায়নবিদ্যা | ২৮০১ | ১০৫ |
| ১১ | | উদ্ভিদবিদ্যা | ৩০০১ | ১১০ |
| ১২ | | প্রাণিবিদ্যা | ৩১০১ | ১২০ |
| ১৩ | | মনোবিজ্ঞান | ৩৪০১ | ৬৫ |
| ১৪ | | পরিসংখ্যান | ৩৬০১ | ১৪০ |
| ১৫ | | গণিত | ৩৭০১ | ১৭০ |

## ❖ ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির বিষয়ভিত্তিক ন্যূনতম যোগ্যতাঃ

| ক্রমিক | স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির বিষয় | নিম্নের বিষয় সমূহের যে কোন ১টি উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত হিসেবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে। |
|---|---|---|
| ০১ | বাংলা | বাংলা/ ইংরেজি |
| ০২ | ইংরেজি | ইংরেজি |
| ০৩ | ইতিহাস | ইতিহাস/ইসলামের ইতিহাস/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যান/ পৌরনীতি ও সুশাসন/ যুক্তিবিদ্যা। |
| ০৪ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ইসলামের ইতিহাস /ইতিহাস/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যান/ পৌরনীতি ও সুশাসন |
| ০৫ | দর্শন | যুক্তিবিদ্যা/ পৌরনীতি ও সুশাসন / সমাজবিজ্ঞান/ সমাজকল্যান /মনোবিজ্ঞান |
| ০৬ | রাষ্ট্রবিজ্ঞান | পৌরনীতি ও সুশাসন /সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ অর্থনীতি/ ইতিহাস/ যুক্তিবিদ্যা/উচ্চতর গণিত/ জীববিজ্ঞান |
| ০৭ | সমাজবিজ্ঞান | পৌরনীতি ও সুশাসন /সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ অর্থনীতি/ ইতিহাস/ যুক্তিবিদ্যা/উচ্চতর গণিত/ জীববিজ্ঞান |

| | | |
|---|---|---|
| ০৮ | অর্থনীতি | পৌরনীতি ও সুশাসন /সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ অর্থনীতি/ ইতিহাস/ যুক্তিবিদ্যা/উচ্চতর গণিত/ জীববিজ্ঞান |
| ০৯ | পদার্থবিজ্ঞান | পদার্থবিজ্ঞান/রসায়ন/উচ্চতর গণিত |
| ১০ | রসায়ন | রসায়ন/ পদার্থবিদ্যা/ উচ্চতর গণিত |
| ১১ | উদ্ভিদবিজ্ঞান | রসায়ন/জীববিজ্ঞান/মনোবিজ্ঞান |
| ১২ | প্রাণিবিজ্ঞান | রসায়ন/জীববিজ্ঞান/মনোবিজ্ঞান |
| ১৩ | মনোবিজ্ঞান | মনোবিজ্ঞান/ জীববিজ্ঞান/ গার্হস্থ্য বিজ্ঞান/ গার্হস্থ্য অর্থনীতি/ যুক্তিবিদ্যা/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/হিসাববিজ্ঞান/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/পদার্থবিজ্ঞান/পরিসংখ্যান/ রসায়ন/উচ্চতর গণিত |
| ১৪ | পরিসংখ্যান | পরিসংখ্যান/উচ্চতর গণিত/পদার্থবিজ্ঞান |
| ১৫ | গণিত | উচ্চতর গণিত/পরিসংখ্যান/পদার্থবিজ্ঞান |

❖ **ভর্তি সংক্রান্ত সকল বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি, নির্দেশনা ও সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

(প্রফেসর মো. সালেহ আহমদ)
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

প্রফেসর মোঃ সালেহ আহমদ
বিসিএস (সা. শিক্ষা)
আইডি-০০৪০২৫
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

D:\M.ZAKIR.My Doc:Hons-Admission/16-17.MCC